কালের কণ্ঠ

তারিখ ... 22 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 2 ...

### রাবিতে শিক্ষামন্ত্রী বললেন

# উচ্চশিক্ষায় বিকাশ ঘটাতে হবে কল্যাণ ও উন্নয়নমুখী জ্ঞানের

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'জ্ঞানের বিশ্বায়নের এই যুগে সর্বক্ষেত্রে আমাদের মেধা ও মননশীলতার প্রতিফলন ঘটাতে হবে। বিকাশ ঘটাতে হবে কল্যাণ ও উন্নয়নমুখী জ্ঞানের। এ জন্য উচ্চশিক্ষার ক্ষেত্রে যুগোপযোগী কোর্স-কারিকুলাম প্রণয়ন, পাশাপাশি তার অনুসরণ ও শিক্ষার মান সংরক্ষণ জরুরি।' গতকাল সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে মেধাবী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ৬৪ শিক্ষার্থীকে অগ্রণী ব্যাংক স্বর্ণপদক, তিনজনকে ড. মমতাজ উদ্দিন আহমদ স্বর্ণপদক ও একজনকে ডা. এ কে খান স্বর্ণপদক প্রদান করা হয়। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহম্মদ শামস্-উল-ইসলাম। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মু. এন্তাজুল হকের সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান।

শিক্ষামন্ত্রী বলেন, জঙ্গিদের মা-বাবারা তাদের লাশই নিচ্ছে না। সেখানে আল্লাহ তাদের বেহেশতে নিয়ে হুর-পরিদের সামনে বসিয়ে দেবে—এমনটা তারা কিভাবে ভাবে, বুঝে আসে না।'